# India's Fourth Universal Periodic Review in Geneva

November 09, 2022

# জেনেভায় ভারতের চতুর্থ বিশ্বজনীন পর্যায়ক্রমিক পর্যালোচনা (ইউনিভার্সাল পিরিওডিক রিভিউ)

নভেম্বর 09, 2022

বিশ্বজনীন পর্যায়ক্রমিক পর্যালোচনা (ইউনিভার্সাল পিরিওডিক রিভিউ [ইউপিআর]) ওয়ার্কিং গ্রুপের 41 তম অধিবেশন 7-18ই নভেম্বর 2022 –এ জেনেভাতে রাষ্ট্র সঙ্ঘের মানবাধিকার পরিষদ (ইউএনএইচআরসি)-এ অনুষ্ঠিত হচ্ছে। এই অধিবেশনে চতুর্থ ইউপিআর চক্রের জন্য ভারতের জাতীয় প্রতিবেদনটি 10ই নভেম্বর 2022–এ পর্যালোচিত হবে।

2. শ্রী সঞ্জয় ভার্মা, সচিব(পশ্চিম), শ্রী ইন্দ্রমনি পান্ডে, ভারতের স্থায়ী প্রতিনিধি , শ্রীযুক্ত কে.এম. নটরাজ, ভারতের এলডি. অতিরিক্ত সলিসিটর জেনারেল এবং বিদেশমন্ত্রকের, স্বরাষ্ট্র মন্ত্রকের, মহিলা ও শিশুবিকাশ মন্ত্রকের, সামাজিক ন্যায় ও ক্ষমতায়ন মন্ত্রকের, সখ্যালঘু বিষয়ক মন্ত্রকের, গ্রামীণ বিকাশ মন্ত্রকের এবং এনআইটিআই আয়োগের উচ্চপদস্থ আধিকারিক ও জাতীয় আইন বিশ্ববিদ্যালয়, দিল্লি–র উপাচার্যদের নিয়ে গঠিত ভারতীয় প্রতিনিধি দলের নেতৃত্ব দিচ্ছেন শ্রী তুষার মেহেতা, ভারতের এলডি. সলিসিটর জেনারেল।

3. মানবাধিকারের বিশ্বব্যাপী প্রচার ও রক্ষার জন্য ভারত সক্রিয় ভূমিকা পালন করে। আমাদের সভ্যতাগত নীতি 'বসুধৈব কুটুম্বকম' বা ' বিশ্ব একটি পরিবার' নীতির দ্বারা অনুপ্রাণিত সমগ্র মানবজাতির কল্যাণের জন্য আমাদের দৃঢ় অঙ্গিকার একটি বুনিয়াদ প্রদান করে, যার উপরে দাঁড়িয়ে মানবাধিকারের জন্য আমাদের সাংবিধানিক এবং আইনি পরিকাঠামো নির্মিত হয়েছে।

4. বিশ্বব্যাপী মানবাধিকারের প্রচার ও রক্ষার জন্য ভারত ইউএনএইচআরসি –র সদস্যদের এবং অন্যান্য সহযোগী রাষ্ট্রসঙ্ঘের সদস্য দেশগুলির সাথে গঠনমূলকভাবে জড়িত রয়েছে। আমরা বিভিন্ন অংশীদারদের মধ্যে সংলাপ, সম্পর্ক ও সহযোগিতার উপরে জোর দিয়েছি। আমরা রাষ্ট্রগুলিকে তাদের মানবাধিকারের বাধ্যবাধকতাগুলিকে পূরণে তাদের প্রাধান্যের উপরে রেখাপাত করেছি। আমরা কাউন্সিলের এজেন্ডায় বিভিন্ন বিষয়ে ঐক্যমত্য গড়ে তোলার চেষ্টা করেছি এবং গঠনমূলকভাবে কাউন্সিলের আলোচনায় অংশগ্রহণ করেছি।

5. ইউপিআর একটি গুরুত্বপূর্ণ পদ্ধতি যা ভারত সমর্থন করে। এটি মানবাধিকার

কাউন্সিলের একটি অনন্য সমকক্ষ পর্যালোচনা পদ্ধতি যার অধীনে রাষ্ট্র সঙ্ঘের সদস্য রাষ্ট্রগুলি সহযোগী সদস্য দেশগুলির মানবাধিকার কর্মক্ষমতার পর্যালোচনা করে।এর বিশ্বজনীন চরিত্র, গঠনমূলক ও আলোচনামূলক আবেদন এবং সদস্য দেশগুলির মধ্যে সংলাপ ও সহযোগিতার উপরে গুরুত্ব দেবার কারণে এটি একটি অন্যতম মানবাধিকার পদ্ধতি হিসেবে আবির্ভুত হয়েছে। ইউপিআর প্রক্রিয়াটি রাষ্ট্রগুলির মানবাধিকারের বাধ্যবাধকতাগুলিকে গ্রহণ এবং পূরণ করার ক্ষেত্রে কেন্দ্রীয়কতাকে শক্তিশালী করে। অন্য রাষ্ট্রগুলির পর্যালোচনায় ভারত সক্রিয়ভাবে অংশগ্রহণ করেছে এবং আমরা 131টি সদস্য দেশকে স্বাগত জানাই যারা আমাদের সমকক্ষ পর্যালোচনায় নিযুক্ত হবার জন্য তাদের নাম নথিভূক্ত করেছেন। পর্যালোচনার অধীনে থাকা রাষ্ট্রগুলিকে সকল ইউপিআর সুপারিশগুলিকে হয় সেগুলিকে সমর্থন করে অথবা সেগুলিকে উল্লেখ করে অবস্থান নিতে হবে। আমাদের ইউপিআর ফলাফল প্রতিবেদন 2023-এর মার্চ মাসে মানবাধিকার পরিষদের 52তম অধিবেশনে গৃহীত হবে।

6. 2017 সালের ভারতের তৃতীয় ইউপিআর আবর্তে আমাদের দ্বারা গৃহীত সুপারিশগুলির বাস্তবায়ন সহ মানবাধিকারের প্রচার ও রক্ষার প্রতি পদক্ষেপের রূপরেখায় গঠিত ভারতের জাতীয় রিপোর্ট 5ই অগাষ্ট 2022 –এ জমা দেওয়া হয়েছে। ভারতের রিপোর্টটি বিভিন্ন অংশীদারদের, ন্যায়ালয়ের, জাতীয় মানবাধিকার সংস্থাগুলির , একাডেমিয়ার, সুশীল সমাজ সংস্থার এবং সাধারণ জনগণের প্রতিনিধিদের সাথে আলোচনা করে জাতীয় আইন বিশ্ববিদ্যালয়ের সহযোগিতায় প্রস্তুত করা হয়েছিল।

নিউ দিল্লি

নভেম্বর 09, 2022

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA’s website and may be referred to as the official press release.